বাংলাদেশ কৃষি ব্যাংক
প্রধান কার্যালয়
৮৩-৮৫, মতিঝিল বা/এ, ঢাকা।
ক্রেডিট বিভাগ
ফোন ঃ ০২-২২৩৩৮৮৯৪০, ই-মেইল dgmlad1@krishibank.org.bd


মুজিববর্ষের প্রতিশ্রুতি
আর্থিক খাতের অগ্রগতি

নং- বিকেবি-প্রকা/ক্রেবি (শাখা-৩)প্রক্রেবি-৩(৪১)/২০২১-২০২২/ ৭৪(১২৫০)

তারিখঃ ১৩.০৭.২০২১

মহাব্যবস্থাপক, বিভাগীয় কার্যালয়সমূহ/স্থানীয় মুখ্য কার্যালয়, ঢাকা।
উপ-মহাব্যবস্থাপক, কর্পোরেট শাখাসমূহ।
সকল মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপক।
সকল শাখা ব্যবস্থাপক (মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপকের মাধ্যমে)
বাংলাদেশ কৃষি ব্যাংক।

**বিষয়ঃ কোভিড-১৯ এর নেতিবাচক প্রভাব মোকাবেলায় আর্থিক প্রণোদনা প্যাকেজের আওতায় ২য় পর্যায়ে (২০২১-২০২২ অর্থ বছরের জন্য) শিল্প ও সার্ভিস সেক্টরে ওয়াকিং ক্যাপিটাল হিসেবে ঋণ/বিনিয়োগ সুবিধা প্রদানের লক্ষ্যমাত্রা বরাদ্দ প্রদান প্রসঙ্গে।**

প্রিয় মহোদয়,

উপর্যুক্ত বিষয়ে বাংলাদেশ ব্যাংক প্রধান কার্যালয়ের ব্যাংকিং প্রবিধি ও নীতি বিভাগ (বিশেষ মনিটরিং ইউনিট) এর ০৬.০৭.২০২১ তারিখের সূত্রঃ বিআরপিডি(পি-৫)/৯০১(১০)/২০২১-৫৮৪২ এর প্রতি সদয় দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে (কপি সংযুক্ত)।

০২। উল্লেখিত পত্রে ১২ এপ্রিল ২০২০ তারিখের জারীকৃত বিআরপিডি সার্কুলার নং-০৮ ও ২৯/১০/২০২০ তারিখের জারীকৃত বিআরপিডি সার্কুলার লেটার নং-৫৩/২০২০ এর প্রতি দৃষ্টি আকর্ষন করতঃ কোভিড-১৯ এর নেতিবাচক প্রভাব মোকাবেলায় দেশে কার্যরত শিল্প ও সার্ভিস সেক্টরের সক্ষমতা সমুন্নত রাখার লক্ষ্যে আর্থিক প্রণোদনা প্যাকেজের আওতায় ২য় পর্যায়ে শিল্প ও সার্ভিস সেক্টরে জুলাই, ২০২১ হতে নতুনভাবে ওয়ার্কিং ক্যাপিটাল হিসাবে ঋণ/বিনিয়োগ প্রদান করার নির্দেশনা রয়েছে। ৩১, ডিসেম্বর ২০২০ তারিখ ভিত্তিক সকল ব্যাংক কর্তৃক প্রদত্ত ওয়ার্কিং ক্যাপিটাল ঋণের স্থিতির ভিত্তিতে ব্যাংকওয়ারী ঋণ/বিনিয়োগ সীমা নির্ধারণ করা হয়েছে। আলোচ্য প্যাকেজের আওতায় অত্র ব্যাংকের ব্যাংকের শিল্প ও সার্ভিস সেক্টরে ওয়ার্কিং ক্যাপিটাল হিসেবে প্রদেয় ঋণ/বিনিয়োগের সর্বোচ্চ সীমা ১৩৭.০০ (একশত সাইত্রিশ) কোটি টাকা পুনঃ নির্ধারণ করা হয়েছে। বরাদ্দকৃত ১৩৭.০০ কোটি টাকা বিকেবি'র বিভাগওয়ারী ঋণ বিতরণের লক্ষ্যমাত্রা নিম্নোক্তভাবে বন্টন করে দেয়া হলো ঃ

(কোটি টাকায়)

| ক্রমিক নং | বিভাগ/ কার্যালয় | লক্ষ্যমাত্রা |
|---|---|---|
| ০১ | ঢাকা | ২৫.০০ |
| ০২ | ময়মনসিংহ | - |
| ০৩ | চট্টগ্রাম | ১৭.০০ |
| ০৪ | খুলনা | ১৫.০০ |
| ০৫ | বরিশাল | - |
| ০৬ | সিলেট | - |
| ০৭ | কুমিল্লা | - |
| ০৮ | ফরিদপুর | - |
| ০৯ | কুষ্টিয়া | - |
| ১০ | এলপিও | ৮০.০০ |
| মোট- | | ১৩৭.০০ |

০৩। এমতাবস্থায়, সংশ্লিষ্ট মহাব্যবস্থাপকগণ বাস্তবতার নিরিখে সম্ভাব্য অর্থায়নকারী শাখা সমূহের অনুকূলে বাজেট বরাদ্দ পূর্বক তার কপি আগামী ১৫/০৭/২০২১ তারিখের মধ্যে অত্র বিভাগকে অবহিত করবেন। বিআরপিডি সার্কুলার নং-০৮/২০২০ ও বিআরপিডি সার্কুলার লেটার নং-৫৩/২০২০ এ বর্ণিত নির্দেশনাসমূহ যথাযথভাবে পরিপালনপূর্বক উপরোল্লিখিত সীমার আওতায় ঋণ/বিনিয়োগ অনুমোদন/বিতরণের লক্ষ্যমাত্রা শতভাগ অর্জনের পরামর্শ দেয়া হলো। ঋণ বিতরণ ও আদায়ের তথ্যাবলী সাপ্তাহিক ভিত্তিতে ক্রেডিট বিভাগে প্রেরণ নিশ্চিত করতে হবে। বিভাগীয় মহাব্যবস্থাপকবৃন্দ এবং অঞ্চল প্রধানগণ শুরু থেকেই উক্ত ঋন বিতরণ কার্যক্রম নিয়মিত মনিটরিংসহ প্রয়োজনীয় দিক-নির্দেশনা প্রদান করবেন।

অনুমোদনক্রমে-

আপনার বিশ্বস্ত,

১৩/০৭/২০২১

(মোহাম্মদ মঈনুল ইসলাম)
উপমহাব্যবস্থাপক

সংযুক্তিঃ বর্ণনামতে।

চলমান পাতা-২

**বিষয়ঃ আর্থিক প্রণোদনা প্যাকেজের আওতায় ২য় পর্যায়ে শিল্প ও সার্ভিস সেক্টরে ওয়াকিং ক্যাপিটাল হিসেবে ঋণ/বিনিয়োগ সুবিধা প্রদানের লক্ষ্যে সীমা পুনঃনির্ধারণ প্রসঙ্গে।**

নং- বিকেবি-প্রকা/ক্রেবি (শাখা-৩)প্রক্রেবি-৩(৪১)/২০২১-২০২২/ ৭৪(১২৫০) তারিখঃ ১৩.০৭.২০২১

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ

০১। চীফ স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।

০২। স্টাফ অফিসার, উপ-ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।

০৩। স্টাফ অফিসার, সকল মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।

০৪। সকল উপ-মহাব্যবস্থাপক/সচিব, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।

০৫। উপ-মহাব্যবস্থাপক, আইসিটি সিস্টেমস, কার্ড ও মোবাইল ব্যাংকিং বিভাগ, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা। **উপরোক্ত পত্রটি ব্যাংকের অফিসিয়াল ওয়েব সাইটে আপলোড করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।**

০৬। সকল বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, বিকেবি, বিভাগীয় নিরীক্ষা কার্যালয়সমূহ।

০৭। সকল আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা, বিকেবি, আঞ্চলিক নিরীক্ষা কার্যালয়সমূহ।

০৮। নথি/মহানথি।

১৩/০৭/২০২১

(মোঃ এনামুল হোসেন)
সহকারী মহাব্যবস্থাপক

৫০১১৯


**বাংলাদেশ ব্যাংক**
(সেন্ট্রাল ব্যাংক অব বাংলাদেশ)
প্রধান কার্যালয়
মতিঝিল, ঢাকা-১০০০
বাংলাদেশ


জরুরী

**ব্যাংকিং প্রবিধি ও নীতি বিভাগ**
(বিশেষ মনিটরিং ইউনিট)

সূত্রঃ বিআরপিডি(পি-৫)/৯০১(১০)/২০২১-৫৮৪২

তারিখঃ ০৬ জুলাই, ২০২১

ব্যবস্থাপনা পরিচালক
বাংলাদেশ কৃষি ব্যাংক
প্রধান কার্যালয়, ঢাকা।

প্রিয় মহোদয়,

**আর্থিক প্রণোদনা প্যাকেজের আওতায় ২য় পর্যায়ে শিল্প ও সার্ভিস সেক্টরে ওয়ার্কিং ক্যাপিটাল হিসেবে ঋণ/বিনিয়োগ সুবিধা প্রদানের লক্ষ্যে সীমা পুনঃনির্ধারণ প্রসঙ্গে।**

শিরোনামোক্ত বিষয়ে ১২ এপ্রিল ২০২০ তারিখে জারিকৃত বিআরপিডি সার্কুলার নং-০৮ ও ২৯/১০/২০২০ তারিখে জারীকৃত বিআরপিডি সার্কুলার লেটার নং- ৫৩/২০২০ এর প্রতি আপনাদের দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

২। কোভিড-১৯ এর নেতিবাচক প্রভাব মোকাবেলায় দেশে কার্যরত শিল্প ও সার্ভিস সেক্টরের সক্ষমতা সমুন্নত রাখার লক্ষ্যে আর্থিক প্রণোদনা প্যাকেজের আওতায় ২য় পর্যায়ে শিল্প ও সার্ভিস সেক্টরে জুলাই, ২০২১ হতে নতুনভাবে ওয়ার্কিং ক্যাপিটাল হিসাবে ঋণ/বিনিয়োগ প্রদান করতে হবে। ৩১ ডিসেম্বর, ২০২০ তারিখ ভিত্তিক সকল ব্যাংক কর্তৃক প্রদত্ত ওয়ার্কিং ক্যাপিটাল ঋণ এর স্থিতির ভিত্তিতে ব্যাংকওয়ারী ঋণ/বিনিয়োগ সীমা নির্ধারণ করা হয়েছে। আলোচ্য প্যাকেজের আওতায় আপনাদের ব্যাংকের শিল্প ও সার্ভিস সেক্টরে ওয়ার্কিং ক্যাপিটাল হিসেবে প্রদেয় ঋণ/বিনিয়োগের সর্বোচ্চ সীমা ১৩৭.০০ কোটি টাকা পুনঃনির্ধারন করা হয়েছে।

৩। উপরোল্লিখিত বরাদ্দকৃত/নির্ধারিত সীমা অনুযায়ী সময়মত ঋণ/বিনিয়োগ প্রদানে ব্যর্থ হলে বা ভবিষ্যতে ঋণ/বিনিয়োগের চাহিদা কম/বেশি হলে প্রয়োজনে বাংলাদেশ ব্যাংক উক্ত সীমা হ্রাস/বৃদ্ধি করতে পারবে। তবে, বাংলাদেশ ব্যাংক কর্তৃক পুনঃনির্ধারিত সীমার অতিরিক্ত কোন ঋণ/বিনিয়োগ সংশ্লিষ্ট ব্যাংক কর্তৃক বিতরণ করা হলে তার বিপরীতে এ প্যাকেজের আওতায় সুদ-ভর্তুকী সুবিধা প্রাপ্য হবে না।

৪। উল্লেখ্য, ২০২০ সালের জন্য নির্ধারিত সীমা অতিক্রম করায় ইতিপূর্বে প্রণোদনা প্যাকেজের আওতায় আপনাদের ব্যাংক কর্তৃক প্রেরিত যে সকল ঋণ প্রস্তাব বাংলাদেশ ব্যাংক কর্তৃক অনুমোদন/সম্মতি প্রদান করা সম্ভবপর হয়নি, সে সকল ঋণ/বিনিয়োগ প্রস্তাবগুলো পর্যালোচনাপূর্বক পুনরায় নতুনভাবে প্রেরণ করার জন্য পরামর্শ প্রদান করা যাচ্ছে।

৫। এমতাবস্থায়, বিআরপিডি সার্কুলার নং-০৮/২০২০ ও বিআরপিডি সার্কুলার লেটার নং- ৫৩/২০২০ এ বর্ণিত নির্দেশনাসমূহ যথাযথভাবে পরিপালনপূর্বক উপরোল্লিখিত সীমার আওতায় ঋণ/বিনিয়োগ অনুমোদন/বিতরণ কার্যক্রম পরিচালনার জন্য আপনাদেরকে অনুরোধ করা হলো।

আপনাদের বিশ্বস্ত,

B.Basak

(বিশ্বজিত বসাক)
যুগ্ম পরিচালক
ফোন: ৫৫৬৬৫০০১-২০/২০৩৫১